রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১০, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৭ জ্যৈষ্ঠ ১৪১০বঙ্গাব্দ/১০ জুন ২০০৩ খ্রিস্টাব্দ

এস,আর,ও-১৪৯/২০০৩।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩নং অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম-কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনামা**।—এই বিধিমালা নাবিক প্রশিক্ষণ কেন্দ্র (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন;

(খ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" অর্থ, ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত প্রয়োজনীয় যোগ্যতা;

(ছ) "বাছাই কমিটি" অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি;



মূল্য টাকা ৩.০০

(জ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ঝ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনস্টিটিউট" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত, যথাক্রমে, কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা ইনস্টিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নলিখিত পদ্ধতিতে নিয়োগ দান করা যাইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না যদি উক্ত পদে নিয়োগ লাভের জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়স সীমার মধ্যে না হয়।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বর্হিভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন, অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির—

(ক) স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, অথবা

(খ) পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত ও যাচাই না হইয়া থাকে অথবা উক্তরূপ তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন, অথবা

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন ব্যক্তিকে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসি।**—(১) কোন শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদে হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে উহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে, অথবা,

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হয়েছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

## তফসিল

### [ বিধি ২(গ) দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | প্রিন্সিপাল | ৪৫ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>চীফ নটিক্যাল ইন্সট্রাক্টর অথবা চীফ ইঞ্জিনিয়ারিং ইন্সট্রাক্টর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ ২য় শ্রেণীর ডেক অফিসার অথবা ২য় শ্রেণীর ইঞ্জিনিয়ার অফিসার সার্টিফিকেট।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>মাষ্টার মেরিনার বা চীফ ইঞ্জিনিয়ার অফিসার সার্টিফিকেট প্রাপ্তির পর মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার পদে ১ (এক) বৎসরের চাকুরীসহ সমুদ্রগামী জাহাজে মোট ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২। | চীফ নটিক্যাল ইন্সট্রাক্টর | ৪৭ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ইন্সট্রাক্টর (সী-ম্যানশীপ) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>২য় শ্রেণীর ডেক অফিসার সার্টিফিকেট। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩। | চীফ ইঞ্জিনিয়ারিং ইন্সট্রাক্টর | ৪৭ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ ইন্সট্রাক্টর (মেরিন ইঞ্জিনিয়ারিং) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ ২য় শ্রেণীর ইঞ্জিনিয়ার অফিসার সার্টিফিকেট। |
| ৪। | ইন্সট্রাক্টর (সী-ম্যানশীপ) | ৪২ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | ৪র্থ শ্রেণীর ডেক অফিসার সার্টিফিকেট। |
| ৫। | ইন্সট্রাক্টর (মেরিন ইঞ্জিনিয়ারিং) | ৪২ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | ৩য় শ্রেণীর ইঞ্জিনিয়ার অফিসার সার্টিফিকেট। |
| ৬। | ইন্সট্রাক্টর (পি,টি) | ৩৫ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | শারীরিক শিক্ষা বিষয়ে স্নাতক ডিগ্রী। অথবা ফিজিক্যাল ট্রেনিং ও প্যারেডে অভিজ্ঞতাসম্পন্ন নৌ-বাহিনীর অবসরপ্রাপ্ত চীফ পেটি অফিসার (সি, পি, ও)। |
| ৭। | শিক্ষক (ইংরেজী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ইংরেজী বিষয়সমূহ স্নাতক ডিগ্রী এবং ব্যাচেলর অব এডুকেশন (বি, এড) ডিগ্রী। অথবা ইংরেজী বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮। | শিক্ষক (গণিত) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | গণিত/পদার্থ/পরিসংখ্যান বিষয়সহ স্নাতক ডিগ্রী এবং ব্যাচেলর অব এডুকেশন (বি, এড) ডিগ্রী।<br>অথবা<br>গণিত/পদার্থ/পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৯। | প্রধান সহকারী | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>স্নাতক ডিগ্রী। |
| ১০। | হিসাবরক্ষক-কাম-ক্যাশিয়ার | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| ১১। | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেস্‌পাস রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১২। | ষ্টোর কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট। |
| ১৩। | ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞতা এবং মেকানিক্যাল বিষয়ে জ্ঞান থাকিতে হইবে। |
| ১৪। | দপ্তরী | ৩০ বৎসর | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেস্‌পাস রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | |
| ১৫। | এম, এল, এস, এস | ৩০ বৎসর | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | |
| ১৬। | নৈশ প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।